## ইউনিট A (বিজোড়)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭

### 'ক' অংশ : (বাংলা ৩০)

**১. কোনটি কাজী নজরুল ইসলামের রচনা নয়?**
A. কুহু ও কেকা B. কুহেলিকা
C. শিউলিমালা D. যুগ-বাণী

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের গুরুত্বপূর্ণ–**
- **উপন্যাস** - বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা।
- **গল্পগ্রন্থ** - ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা।
- **নাটক** - ঝিলিমিলি, আলেয়া, মধুমালা, পুতুলের বিয়ে।
- **কাব্যগ্রন্থ** - অগ্নিবীণা, বিষের বাঁশি, ভাঙার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, সন্ধ্যা, দোলনচাঁপা, চক্রবাক, সঞ্চিতা, ঝিঙেফুল ইত্যাদি।
- **প্রবন্ধ** - যুগবাণী, রুদ্রমঙ্গল, রাজবন্দীর জবানবন্দী, ধুমকেতু, দুর্দিনের যাত্রী,

কুহু ও কেকা সত্যেন্দ্রনাথ দত্তের কাব্যগ্রন্থ।

**Ans : A.**

**২. 'একেই কি বলে সভ্যতা?' কি জাতীয় রচনা?**
A. উপন্যাস B. প্রহসন C. প্রবন্ধ D. নাটক

**ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্তের–**
- **মহাকাব্য** - মেঘনাদবধ।
- **নাটক** - শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী, হেক্টর বধ, মায়াকানন।
- **কাব্যগ্রন্থ** - তিলোত্তমা সম্ভব, ব্রজাঙ্গনা, বীরাঙ্গনা, চতুর্দশপদ কবিতাবলী।
- **প্রহসন** - বুড়ো শালিকের ঘাড়ে রোঁ, একেই কি বলে সভ্যতা।

**Ans : B.**

**৩. 'দু'টি চোখের কোটরে কাটা সুপারির রং'– বলতে কবি কি বুঝিয়েছেন?**
A. প্রেমিকার রূপ B. গ্রামবাংলার রূপ
C. সমাজ জীবনের রূপ D. জীবন সংগ্রামের রূপ

**ব্যাখ্যা: লোক-লোকান্তর কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ–**
আমার চেতনা যেন ..... এক চন্দনের ডালে - কবি তাঁর কাব্যবোধ ও কাব্যচেতনাকে সাদা এক সত্যিকার পাখির প্রতিমায় উপস্থাপন করেছেন। কবির এই চেতনা - পাখি বসে আছে সবুজ অরণ্যের কোনো এক চন্দনের ডালে।
আর দুটি চোখের কোটরে কাটা সুপারির রং - কবির অস্তিত্ব জুড়ে চিরায়ত গ্রাম বাংলা। দৃষ্টিতে কাটা সুপারির রং এ যেন চিরায়ত বাংলার রূপ।

**Ans : B.**

**৪. পিতা, পিতামহ ও জননীর বর্ণনা ধরা পড়েছে কোন লেখকের রচনায়?**
A. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর D. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**Ans : D.**

**৫. 'চাতাল' শব্দটি দিয়ে বোঝানো হয়েছে–**
A. ধান শুকানোর জায়গা B. চারদিক খোলা স্থান
C. ব্যবসার সাথে সংশ্লিষ্ট D. পলেস্তার করা জায়গা

**ব্যাখ্যা:** চাতাল - চত্বর, শান বাঁধানো বসবার জায়গা, বারান্দা বা উঠান।

**Ans : D.**

**৬. 'ভূতপূর্ব' কোন সমাসের উদাহরণ?**
A. কর্মধারয় B. অব্যয়ীভাব
C. তৎপুরুষ D. বহুব্রীহি

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু সমাস–**
- **ভূতপূর্ব** - পূর্বে ভূত - সপ্তমী তৎপুরুষ সমাস।
- **গাছপাকা** - গাছে পাকা - সপ্তমী তৎপুরুষ সমাস।
- **কবিশ্রেষ্ঠ** - কবিদের মধ্যে শ্রেষ্ঠ - ষষ্ঠ তৎপুরুষ সমাস।
- **দেশপলাতক** - দেশ হতে পলাতক - পঞ্চমী তৎপুরুষ সমাস।
- **ঋণমুক্তি** - ঋণ থেকে মুক্তি - পঞ্চমী তৎপুরুষ সমাস।
- **বিদ্যাহীন** - বিদ্যা দ্বারা হীন - তৃতীয়া তৎপুরুষ সমাস।

**Ans : C.**

**৭. মাজারের পাশে দাঁড়িয়ে রহিমা কার জন্য শক্তি প্রার্থনা করে?**
A. ছুলুর বাপের জন্য B. হাসুনির মার জন্য
C. দুদু মিঞার জন্য D. খালেক বেপারীর জন্য

**ব্যাখ্যা:** মাজারের পাশে দাড়িয়ে রহিমা শক্তি প্রার্থনা করে - হাসুনির মার জন্য
অমন করি কখনো হাঁটিও না - মজিদ রহিমাকে।
আমার যেন মওত হয় - হাসুনির মা রহিমাকে।
তুমি তোমার মাইয়ারে ঠ্যাঙাইছ ক্যান - তাহেরের বাপ।
মাজারে সিন্নি দিবা পাঁচ পয়সার - তাহেরের বাপকে মজিদ।
খোদার জিনিস খোদা তুইলা লইয়া গেছে - মজিদ।

**Ans : B.**

**৮. যে কর্ষণ করে তাকে কি বলে?**
A. কৃষক B. কামার C. কাঁসারী D. রাখাল

**ব্যাখ্যা:** • কর্ষণ শব্দের অর্থ - চাষ, সুতরাং যে চাষ করে সে কৃষক।

**Ans : A.**

**৯. 'তামার বিষ' অর্থ কি?**
A. মোসাহেবী B. শ্রমবিমুখ
C. হতাবশিষ্ট D. অর্থের কুপ্রভাব

**ব্যাখ্যা:** • তামার বিষ - অর্থের কুপ্রভাব।
• গোঁয়ার গোবিন্দ - কাণ্ডজ্ঞানহীন। • ঘোড়ার কামড় - দৃঢ় পণ।
• চশমখোর - সম্পূর্ণ বেহায়া। • চিনিরবলদ - ভারবাহী।

**Ans : D.**

**১০. স্কুল পালিয়ে কেউ রবীন্দ্রনাথ হয় না– কোন কারকে কি বিভক্তি?**
A. কর্মে ষষ্ঠী B. অপাদানে সপ্তমী
C. করণে তৃতীয়া D. অধিকরণে শূন্য

**ব্যাখ্যা:** যা থেকে কোনো কিছু উৎপন্ন, নির্গত, ভীত, গৃহীত, পতিত হওয়া বোঝায় তাকে অপাদান কারক বলে।
যেমন- তিলে তেল হয়। স্কুল পালিয়ে কেউ রবীন্দ্রনাথ হয় না।

**Ans : B.**

**১১. 'জীবন এত ছোট কেনে'– কোন উপন্যাসের উক্তি?**
A. চতুরঙ্গ B. লালসালু C. কবি D. শবনম

**ব্যাখ্যা:** 'জীবন এত ছোট কেনে' উক্তিটি তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' উপন্যাসের অন্তর্গত।

**Ans : C.**

**১২. কোন বানানটি সঠিক?**
A. নীলাম্বরী B. নিলাম্বরী
C. নীলাম্বরি D. নীলম্বরী

**ব্যাখ্যা:**

| নীলাম্বরী | কার্যালয় | যশস্বী | মৃণালিনী | ব্যতিক্রম |
|---|---|---|---|---|

**Ans : A.**

**১৩. 'নাপিত' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?**
A. নাপিতানী B. নাপিতা
C. নাপিত বৌ D. নাপিতিনী

**ব্যাখ্যা:** নাপিত - নাপিতানী; কুমার - কুমারনী
কাঙাল - কাঙালিনী ; ঠাকুর - ঠাকুরানী, ঠাকুরন, ঠাকুরাইন

**Ans : A.**

**১৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃদত্ত নাম কোনটি?**
A. শরৎকুমার বন্দ্যোপাধ্যায় B. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়
C. সরোজকুমার বন্দ্যোপাধ্যায় D. তরুণকুমার বন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা: মানিক বন্দোপাধ্যায় সম্পর্কে কয়েকটি তথ্য–**
- পিতৃ প্রদত্ত নাম - প্রবোধ কুমার বন্দোপাধ্যায়
- **জন্ম** :- ১৯শে মে ১৯০৮ সাল। **মৃত্যু** :- ৩রা ডিসেম্বর ১৯৫৬ সাল।
- **উপন্যাস** :- জননী, দিবারাত্রির কাব্য, অহিংসা, স্বাধীনতার স্বাদ, চিহ্ন, আরোগ্য, পুতুল নাচের ইতিকথা, শহরতলী, সোনার চেয়ে দামী ইত্যাদি।
- **গল্পগ্রন্থ** :- অতসী মামা ও অন্যান্য গল্প, প্রাগৈতিহাসিক, সরীসৃপ, বৌ, সমুদ্রের স্বাদ ইত্যাদি।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৫. 'ক্ষীরের পুতুল' কার রচনা?**
A. প্রমথ চৌধুরী B. শওকত ওসমান
C. অবনীন্দ্রনাথ ঠাকুর D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা: অবনীন্দ্রনাথ ঠাকুর এর উল্লেখযোগ্য গ্রন্থ–
- শকুন্তলা, ক্ষীরের পুতুল, রাজকাহিনী, আলোর ফুলকি, চিত্রাক্ষর, শিল্পায়ন।
- তিনি রবীন্দ্রণাত ঠাকুরের পিতৃব্য ছিলেন।

**Ans : C.**

**১৬. 'বিভীষণের প্রতি মেঘনাদ' বাক্যাংশ কোন ছন্দে রচিত?**
A. মাত্রাবৃত্ত B. স্বরবৃত্ত
C. মন্দাক্রান্ত D. অমিত্রাক্ষর

ব্যাখ্যা: 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার গুরুত্বপূর্ণ তথ্য-
- কবিতাটি মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদ বধ - কাব্যে'-র 'বধো' নামক ষষ্ঠ সর্গ থেকে প্রকাশিত।
- 'মেঘনাদ বধ - কাব্য'টি নয়টি সর্গে বিন্যস্ত।
- কবিতাটি ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত। এ ছন্দটি 'অমিত্রাক্ষর ছন্দ' নামে পরিচিত।
- প্রতিটি পঙ্‌ক্তি ১৪ মাত্রায় এবং ৮ + ৬ মাত্রার দুটি পর্বে বিন্যস্ত।
- কবিতায় মাতৃভূমির প্রতি ভালবাসা এবং বিশ্বাসঘাতকতা ও দেশদ্রোহিতার বিরুদ্ধে ঘৃণা প্রকাশিত হয়েছে।
- রেনেসাঁস বা নবজাগরণের সারকথা হল - মানবকেন্দ্রিকতা।

**Ans : D.**

**১৭. কাজী নজরুল ইসলামের 'জীবন-বন্দনা' কবিতাটি রচিত হয়েছে?**
A. অক্ষরবৃত্ত ছন্দে B. মাত্রাবৃত্ত ছন্দে
C. স্বরবৃত্ত ছন্দে D. মিশ্র ছন্দে

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের 'জীবন-বন্দনা' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। বর্তমান পাঠ্যক্রমের 'সাম্যবাদী' কবিতাটি ও মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

**Ans : B.**

**১৮. 'মর্সিয়া' শব্দের অর্থ–**
A. শোকগীতি B. প্রেমগীতি
C. স্বদেশগীতি D. ধর্মগীতি

ব্যাখ্যা: • মর্সিয়া শব্দের অর্থ - শোক প্রকাশ করা।
- মর্সিয়া সাহিত্যের বিখ্যাত কবি - দৌলত উজির বাহরাম খান ও শেখ ফয়জুল্লাহ।

**Ans : A.**

**১৯. কোনটি শব্দের পূর্বে বসে?**
A. অনুসর্গ B. উপসর্গ C. বিভক্তি D. প্রত্যয়

ব্যাখ্যা: উপসর্গের কিছু বৈশিষ্ট্য–
- অব্যয়সূচক শব্দ। • অন্য শব্দের আগে বসে।
- নতুন অর্থবোধক শব্দ তৈরি হয়।

**Ans : B.**

**২০. 'সমাস' শব্দের অর্থ কি?**
A. বিশ্লেষণ B. সংক্ষেপণ
C. সংযোজন D. সংশ্লেষণ

ব্যাখ্যা: • সমাস শব্দের অর্থ সংক্ষেপ বা ছোট।
- সমাসের ক্ষেত্রে মিলনের ভিত্তি হচ্ছে অর্থ।

**Ans : B.**

**২১. 'উত্তরাধিকার' কাব্যের কবি কে?**
A. শামসুর রাহমান B. হাসান হাফিজুর রহমান
C. আল মাহমুদ D. শহীদ কাদরী

ব্যাখ্যা: শহীদ কাদরী এর উল্লেখযোগ্য–
- কাব্যগ্রন্থ - উত্তরাধিকার, তোমাকে অভিবাদন, প্রিয়তমা, কোথাও কোনো ক্রন্দন নেই, আমার চুম্বনগুলো পৌঁছে দাও।

**Ans : D.**

**২২. 'আয়নার প্রতিফলিত রূপ'– বাক্যটি এক কথায় প্রকাশ কর–**
A. প্রতিরূপ B. প্রতিচিত্র
C. প্রতিকৃতি D. প্রতিবিম্ব

ব্যাখ্যা: • প্রতিবিম্ব - আয়নায় পতিত বা প্রতিফলিত মূর্তি, প্রতিচ্ছায়া।
- প্রতিচিত্র - নকশা প্রভৃতির অবিকল নকল।
- প্রতিকৃতি - কারও দেহের ছবি।
- প্রতিরূপ - প্রতিমূর্তি, প্রতিকৃতি, প্রতিবিম্ব।

**Ans : D.**

**২৩. 'কবর' নাটকটি কোথায় রচিত?**
A. শরণার্থী শিবিরে B. গোরস্থানের সম্মুখে
C. জাহাজে D. জেলখানায়

ব্যাখ্যা: 'কবর' নাটকটি ভাষা আন্দোলনকে উপজীব্য করে রচিত নাটক। তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে থাকাকালীন নাটকটি রচনা করেন এবং কারাগারের রাজবন্দিদের দ্বারা প্রথম মঞ্চায়িত হয়।

**Ans : D.**

**২৪. ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
A. ধ্বনিতত্ত্ব B. শব্দতত্ত্ব
C. বাক্যতত্ত্ব D. কোনটিই নয়

ব্যাখ্যা: ব্যাকরণের আলোচ্য বিষয়–
- ধ্বনিতত্ত্ব - ধ্বনি, ধ্বনির উচ্চারণ স্থান, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান।
- শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব - শব্দ, দ্বিরুক্ত শব্দ, লিঙ্গ, বচন, সমাস, উপসর্গ, কারক, অনুসর্গ, ধাতু, অনুজ্ঞা ইত্যাদি।
- বাক্যতত্ত্ব - বাক্যের গঠন প্রণালী, বাচ্য, বিরাম চিহ্ন, বাগধারা।
- অর্থতত্ত্ব - শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার।

**Ans : A.**

**২৫. জীবনানন্দ দাশের উপন্যাস কোনটি?**
A. সতীর্থ B. মরুভাস্কর
C. যারা বৃষ্টিতে ভিজেছিল D. বরিশালের যোগেন মণ্ডল

ব্যাখ্যা: • সতীর্থ - উপন্যাস - জীবনানন্দ দাশ।
- মরুভাস্কর - কাব্যগ্রন্থ - কাজী নজরুল ইসলাম।
- যারা বৃষ্টিতে ভিজেছিল - কাব্যোপন্যাস - জয় গোস্বামী।
- বরিশালের যোগেন মন্ডল - উপন্যাস - দেবেশ রায়।

**Ans : A.**

**২৬. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?**
A. মৃৎ + অঙ্গ B. মৃদং + গ
C. মৃদ + অঙ্গ D. মৃদঙ + অঙ্গ

ব্যাখ্যা: মৃৎ + অঙ্গ = মৃদঙ্গ ; সৎ + জন = সজ্জন
সৎ + চিন্তা = সচ্চিন্তা ; উৎ + শ্বাস = উচ্ছ্বাস
উৎ + ছেদ = উচ্ছেদ ; উৎ + হার = উদ্ধার

**Ans : A.**

**২৭. 'রেইনকোট' গল্পে নিচের ফ্ল্যাটে থাকে কে?**
A. সরকারি কর্মকর্তা B. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
C. ওয়ার্কশপের মালিক D. ইসহাক

ব্যাখ্যা: নিচের ফ্ল্যাটে থাকে ওয়েলডিং ওয়ার্কশপের মালিক। তাঁর শ্বশুর সর্দারগোছের রাজাকার।
- নুরুল হুদার গায়ে রেইনকোট পরিয়ে দিলেন - আসমা।
- আব্বু ছোটো মামা হয়েছে - উক্তিটি নুরুল হুদার আড়াই বছরের মেয়ের।
- গল্পে যেসব ফোর্সের নাম দেওয়া আছে - পাঞ্জাব আর্টিলারী, বালুচ রেজিমেন্ট, কম্যান্ডো ফোর্স, প্যারা মিলিটারি, মিলিটারি পুলিশ।
- বাসে খালি সিট অর্ধেকের বেশি।

**Ans : C.**

**২৮. কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?**
A. বাগ্মী B. রচনা C. মহিমা D. মেছো

ব্যাখ্যা: • বাগ্মী - বাচ্‌ + মিন - (সংস্কৃত তদ্ধিত প্রত্যয়)
- রচনা - √রচ্‌ + অন + আ - (সংস্কৃত কৃৎ প্রত্যয়)
- মহিমা - মহৎ + ইমন - (সংস্কৃত তদ্ধিত প্রত্যয়)
- মেছো - মাছ + উয়া - (বাংলা তদ্ধিত প্রত্যয়)

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৯. 'পুরস্কার' কোন সন্ধি?
A. স্বরসন্ধি B. ব্যঞ্জনসন্ধি C. বিসর্গসন্ধি D. কোনটিই নয়

ব্যাখ্যা: কিছু বিসর্গ সন্ধির উদাহরণ–
নমঃ + কার = নমস্কার ; ভাঃ + কর = ভাস্কর
নিঃ + কর = নিষ্কর ; অহঃ + অহ = অহরহ
বাচঃ + পতি = বাচস্পতি ; পুরঃ + কার = পুরস্কার
**Ans : C.**

৩০. 'দশের লাঠি একের বোঝা'– অর্থ কি?
A. ভারী বস্তু B. ঐক্যহীন
C. দোষ চাপানো D. ঐক্যই শক্তি

ব্যাখ্যা: • দশের লাঠি একের বোঝা - ঐক্যই শক্তি।
• ঘোড়ার ঘাস কাটা - অকাজে সময় নষ্ট করা।
• চড়ুই পাখির প্রাণ - ক্ষীণজীবী ব্যক্তি।
• চক্ষুকর্ণের বিবাদভঞ্জন - নিঃসন্দেহ হওয়া।
• ছেলের হাতের মোয়া - সামান্য বস্তু।
**Ans : D.**

## 'খ' অংশ : (ইংরেজি ৩০)

**31. The synonyms of 'nostalgia' is :**
A. seasickness B. regret
C. homesickness D.vexation

ব্যাখ্যা: Nostalgia - গৃহকাতরতা।
**Synonym** - Homesickness, Longing, Reminiscence.
**Ans : C.**

**32. The antonym of 'order' is :**
A. regular B. sequence
C. discipline D. disorder

ব্যাখ্যা: Order - বিন্যাস।
**Synonym** - System, Progression, Lineup.
**Antonym** - Disorder, Disorganization, Mess.
**Ans : D.**

**33. The synonyms of 'forthcoming' is :**
A. upcoming B. recent
C. forward D. newly arrived

ব্যাখ্যা: Forthcoming - আসন্ন।
**Synonym** - Upcoming, Prospective, Destined.
**Antonym** - Distant, Gone, Past.
**Ans : A.**

**34. I could not ____ the reason for this delay. The right phrasal verb in the gap is :**
A. drop out B. figure out
C. look out D. shake away

ব্যাখ্যা: Drop out - অন্তর্হিত হওয়া
Figure out - বুঝতে পারা, Look out - সর্তক হওয়া
অর্থ : এই বিলম্বের কারণ আমি বুঝতে পারলাম না। তাই বুঝতে না পারা অর্থে Figure out হবে।
**Ans : B.**

**35. Please do not ____ unpleasant issues during dinner. The right phrasal verb in the gap is :**
A. bring up B. give in
C. bring down D. give up

ব্যাখ্যা: Bring about - ঘটানো, Bring down - নিম্নমুখী করা
Bring in - দেওয়া, Bring off - রক্ষা করা
Bring out - ছেপে প্রকাশ করা, Bring up - প্রতিপালন করা।
**Ans : A.**

**36. She has a refined sense ____ clothes. The right preposition is :**
A. for B. of C. with D. on

ব্যাখ্যা: Refined sense of something - কোন কিছু সম্পর্কে বিশুদ্ধ ধারণা।
**Ans : B.**

**37. Identify the imperative sentence?**
A. What a wonderful picture it is !
B. Get some cold water from the fridge.
C. May God bless you.
D. They bought some utensils from the shop.

ব্যাখ্যা: **Imperative Sentence Structure-**
verb + subj.
Imperative Sentence এ আদেশ, উপদেশ, অনুরোধ ও নিষেধ অর্থ প্রকাশ করবে। এক্ষেত্রে subj. উহ্য থাকে।
**Ans : B.**

**38. My sister has supported me through ____. The right phrase is :**
A. good and bad B. thick and thin
C. hot and cool D. in and out

ব্যাখ্যা: Good and bad - ভালমন্দ; In and out - সর্বত্র
Through thick & thin - সকল পরিস্থিতিতে।
**Ans : B.**

**39. The word 'acumen' means :**
A. desire to learn B. pain
C. deep knowledge D. quick understanding ability

ব্যাখ্যা: Acumen (Ability to make good)
**Ans : D.**

**40. The word 'evolution' is associated with :**
A. politics B. biology C. physics D. history

ব্যাখ্যা: Evolution (N.) - The way in which living things change and develop over millions of years / বিবর্তন।
Evolution এর Biology এর সাথে relation আছে।
**Ans : B.**

**41. *If you make a promise*, you must keep it. The underlined clause is :**
A. an adverbial clause B. a noun clause
C. an adjective clause D. a principal clause

ব্যাখ্যা: যে clause টি verb কে modify করে তাই adverbial clause অর্থাৎ sub-ordinate clause দ্বারা কোন verb এর কারণ, উদ্দেশ্য বা শর্ত বুঝায় তাকে Adverbial clause বলে।
**Ans : A.**

**42. Which one is the correct proverb?**
A. Hunger is the best sauce. B. Hunger is the best honey.
C. Hunger is the best anger. D. Hunger is the best sugar.

ব্যাখ্যা: Hunger is the best sauce - Being hungry makes one less concerned about the taste of one's food.
**Ans : A.**

**43. The plural form of 'sheep' is :**
A. sheeps B. sheepes C. sheep D. ships

ব্যাখ্যা: Sheep - (ভেড়া/মেষ) এই word টির singular ও plural form একই।
**Ans : C.**

**44. What is the meaning of 'white elephant'?**
A. an elephant of white color B. a black marketeer
C. a hoarder D. a very costly of troublesome possession.

ব্যাখ্যা: White elephant - অত্যন্ত ব্যয় সাপেক্ষ।
**Ans : D.**

প্রাথমিক শিক্ষা পাঠশালা
প্রোমব্যাংক-ক্লাস-পরীক্ষা-PDF-তথ্য-কোর্স-শেয়ার

**45. Would you please slow down a bit? I can't ____ you. The right expression in the gap is :**

A. keep up with B. put up with
C. make up to D. hold on to

ব্যাখ্যা: Keep up with - তাল রাখা/মিল রাখা
Hold on - যথাস্থানে রাখা, Put up with - সহ্য করা।
আলোচ্য বাক্যে আগে হাটার জন্য বলা হচ্ছে। তাই fill in the gap স্থানে তাল রাখা অর্থ বুঝাতে (A) সঠিক উত্তর।
**Ans : A.**

**46. Betrayed by his friends, he started living alone. Here 'betrayed' is a :**

A. gerund B. present participle
C. verbal noun D. past participle

ব্যাখ্যা: Betrayed এটি verb এর past participle form আর verb এর past participle form adj. এর মত কাজ করে থাকে। তাই Betrayed এখানে adj. ও past participle form.
**Ans : D.**

**47. I know the boy *who came here yesterday*. The underlined clause is a/an :**

A. noun clause B. adjective clause
C. adverbal clause D. principal clause

ব্যাখ্যা: এখানে who হল Relative pronoun যার পূর্বে Antecedent হল the boy এ Noun টি।
আর Relative pronoun এর পূর্বে Antecedent হিসেবে Noun উল্লেখ থাকলে Relative pronoun যুক্ত clause টি Noun টিকে Modify করে। তাই Relative pronoun যুক্ত clause টি adj. clause.
**Ans : B.**

**48. She plucked some flowers. The passive form is :**

A. Some flowers are plucked by her.
B. Some flowers were plucked by her.
C. She was plucked some flowers.
D. Some flowers had been plucked by her.

ব্যাখ্যা: Active voice passive করার নিয়ম-
১। Active voice এর obj. টি passive voice এ subj. হবে।
২। Active voice টি past indefinite tense এ থাকলে passive voice এ subj. অনুযায়ী was/were হবে।
৩। Active voice এর subj. টি passive voice এর obj. হবে এবং এর পূর্বে by হবে।
**Ans : B.**

**49. The boy said, "I am hungry." The indirect speech is:**

A. The boy, said that he is hungry.
B. The boy said that he had been hungry.
C. The boy said that he was hungry.
D. The boy says that he is hungry.

ব্যাখ্যা: • subj.+ siad + that + subj.+ v (tense পরিবর্তিত হবে) + obj.
Direct speech এ present indefinite থাকলে indirect speech এ তা past indefinite হবে।
**Ans : C.**

**50. The right translation of "তার বইটি সম্প্রতি প্রকাশিত হয়েছে।" is :**

A. His book has recently been published.
B. His book was recently published.
C. His book has recently published.
D. His book was recently being published.

ব্যাখ্যা: সম্প্রতি অর্থে Recently হবে এবং Adverb হিসেবে Recently থাকলে present perfect tense হয়।
**Ans : A.**

**51. The opposite of 'desirable' is :**

A. nondesirable B. undesirable
C. indesirable D. disdesirable

ব্যাখ্যা: Desirable - কাম্য।
Synonym - Adorable, Fascinating, Beautiful.
Antonym - Undesirable, Unattractive, Disgusting.
**Ans : B.**

**52. You can complain ___ the principle if you like. The right preposition is :**

A. for B. by
C. with D. to

ব্যাখ্যা: Complain to - কারো কাছে অভিযোগ করা।
Complain about - কোনো বিষয়ে অভিযোগ করা।
**Ans : D.**

**53. They were really annoyed ___ his activities. The right preposition is :**

A. at B. with
C. about D. for

ব্যাখ্যা: তারা তার কার্যক্রম নিয়ে আসলে বিরক্ত।
Annoy with - কারো প্রতি বিরক্ত হওয়া।
Annoy at - কোন ব্যাপার নিয়ে বিরক্ত।
**Ans : A.**

**Choose the correct sentence for the question 54-56 :**

54.A. She wants to come, does she?
B. She wants to come, won't she?
C. She wants to come, isn't it?
D. She wants to come, doesn't she?

ব্যাখ্যা: She wants to come এখানে verb হল wants যার জন্য হবে doesn't এবং subj. হিসেবে এর পরে she বসবে। শেষে প্রশ্নবোধক চিহ্ন হবে।
**Ans : D.**

55.A. He asked me why I was late.
B. He asked me why was I late.
C. He asked me why was I lated?
D. He ask me why I was late?

ব্যাখ্যা: Embedded Question এর Structure -
Subj. + verb + obj. + clause marker + subj. + verb + obj.
**Ans : A.**

56.A. He wears a colored glass.
B. The house is made of glass.
C. They bought three glass.
D. The window is made of glasses.

ব্যাখ্যা: Glass - কাঁচ ; Glasses - চশমা
Sand - বালি ; Sands - নদীর তীর
**Ans : B.**

**Choose the appropriate translation for questions 57-60**

**57. He has messed up everything.**

A. সে সবাইকে মেসে রেখেছে B. সে সবকিছু গুছিয়ে রেখেছে
C. সে সবকিছু নষ্ট করেছে D. সে সবকিছু গুছিয়ে ফেলেছে

ব্যাখ্যা: Mess up - বিশৃঙ্খল করে ফেলা / তালগোল পাকিয়ে ফেলা।
**Ans : D.**

**58. নতুন করে শুরু কর।**

A. Start afresh B. Start from the beginning
C. Restart D. Start again

ব্যাখ্যা: Afresh - নতুন করে / নতুনভাবে / পুনরায়।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**59. পরিশ্রম করলে তুমি পাস করতে পারতে।**
A. If you work hard, you would pass.
B. If you worked hard, you should pass.
C. If you worked hard, you could have passed.
D. If you had worked hard, you could have passed.

ব্যাখ্যা: 3rd Conditional Structure -
If + subj. + had + v এর (p.p) + subj. + would / could / might + have + v এর (p.p)
**Ans : D.**

**60. Whoever comes here suffers.**
A. যার জন্যই আসা সে কষ্ট পায়।
B. যেই এখানে আসে সেই কষ্ট পায়।
C. যে এখানে আসে সে জ্বরে পড়ে।
D. যে এখানে আসে সে রাত্রে খায়।
**Ans : B.**

## 'গ' অংশ : (সাধারণ জ্ঞান ৪০)

**৬১. সব্যসাচী লেখক শামসুল হক মৃত্যুবরণ করেন কোন তারিখে?**
A. ২৭ সেপ্টেম্বর ২০১৬ B. ২৭ আগষ্ট ২০১৬
C. ২৮ সেপ্টেম্বর ২০১৬ D. ২৭ জুলাই ২০১৬

ব্যাখ্যা: • সৈয়দ শামসুল হকের জন্ম - ২৭ ডিসেম্বর ১৯৩৫ (কুড়িগ্রাম)।
• মৃত্যু - ২৭ সেপ্টেম্বর ২০১৬।
• তার উল্লেখযোগ্য উপন্যাস - দেয়ালের দেশ, নির্বাসিতা, অচেনা, এক মুঠো জন্মভূমি প্রভৃতি।
• মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস - নীল দংশন, নিষিদ্ধ লোবান প্রভৃতি।
• কাব্য নাট্য - পায়ের আওয়াজ পাওয়া যায়, গণনায়ক, নুরুলদীনের সারা জীবন প্রভৃতি।
**Ans : A.**

**৬২. মাউন্ট এভারেস্টের উচ্চতা কত?**
A. ৮৮৩০ মিটার B. ৮,৮৪০ মিটার
C. ৮,৮৫০ মিটার D. ৮,৮৬০ মিটার

ব্যাখ্যা: • বিশ্বের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম - মাউন্ট এভারেস্ট।
• উচ্চতা - ৮৮৫০ মিটার, অবস্থান - নেপাল ও তিব্বত (চীন)।
• প্রথম এভারেস্ট বিজয়ী - এডমন্ড হিলারি (নিউজিল্যান্ড) এবং শেরপা তেনজিং নোরগে (নেপাল)।
**Ans : C.**

**৬৩. বিশ্বের প্রথম চলচ্চিত্র কোন সালে নির্মিত হয়?**
A. ১৮৮৫ সালে B. ১৮৯০ সালে C. ১৭৯৫ সালে D. ১৮৭৬ সালে

ব্যাখ্যা: • বিশ্বের প্রথম চলচ্চিত্র নির্মিত হয় - ১৮৮৫ সালে, লুই ও অগাস্ট লুমিয়ে ভ্রাতৃদ্বয় (ফ্রান্স) কর্তৃক।
• বিশ্বের প্রথম চলচ্চিত্র প্রদর্শনী হয় - ২৮ ডিসেম্বর ১৮৯৫ (প্যারিসে)।
**Ans : A.**

**৬৪. বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?**
A. অস্ট্রিক B. সংস্কৃত C. পালি D. প্রাকৃত

ব্যাখ্যা: • অস্ট্রিক গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে ওঠেছে এবং তাদের ভাষা ছিল অস্ট্রিক।
• নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ আদি অস্ট্রেলীয় নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত।
**Ans : A.**

**৬৫. সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করেন-**
A. আলাউদ্দিন খলজি B. মাহমুদ শাহ
C. মুহাম্মদ বিন তুঘলক D. ইব্রাহিম লোদি

ব্যাখ্যা: • মুহাম্মদ বিন তুঘলকের প্রকৃত নাম - জুনা খাঁ।
• তিনি তাম্র মুদ্রার প্রচলন করেন।
• তার রাজত্বকালে মরক্কোর পর্যটক ইবনে বতুতা ভারতবর্ষে আসেন।
**Ans : C.**

**৬৬. বঙ্গভঙ্গ রদ হয় কোন সালে?**
A. ১৯০৫ সালে B. ১৯১১ সালে
C. ১৮১১ সালে D. ১৯১৬ সালে

ব্যাখ্যা: • লর্ড কার্জন বঙ্গভঙ্গের ঘোষণা করেন ১৬ অক্টোবর ১৯০৫।
• বঙ্গভঙ্গের ফলে "পূর্ববঙ্গ ও আসাম" প্রদেশের সৃষ্টি হয় এবং এর রাজধানী হয় - ঢাকা।
• লর্ড হার্ডিঞ্জের সুপারিশে রাজা পঞ্চম জর্জ কর্তৃক বঙ্গভঙ্গ রদ করা হয় - ১২ ডিসেম্বর ১৯১১।
**Ans : B.**

**৬৭. ফুটবল খেলা কত সালে অলিম্পিকে অন্তর্ভুক্ত হয়?**
A. ১৯৯০ সালে B. ১৯৯১ সালে
C. ২০১৬ সালে D. ২০০০ সালে

ব্যাখ্যা: অলিম্পিকে বিভিন্ন খেলার প্রবর্তনকাল-

| | | | |
|---|---|---|---|
| ফুটবল, ওয়াটার পোলো | ১৯০০ | টেবিল টেনিস | ১৯৮৮ |
| বাস্কেটবল, হ্যান্ডবল | ১৯৩৬ | মহিলা ফুটবল | ১৯৯৬ |
| ভলিবল, জুডো | ১৯৬৪ | মহিলা কুস্তি | ২০০৪ |

**Ans : ১৯০০ সালে**

**৬৮. শিল্প বিপ্লব শুরু হয় প্রথম কোন দেশে?**
A. জার্মানিতে B. ইংল্যান্ডে C. ফ্রান্সে D. আমেরিকায়

ব্যাখ্যা: ১৭৬০ সালের দিকে গ্রেট বিটেনের শিল্প বিপ্লব শুরু হয়।
১৭৮৯ সালের দিকে ফ্রান্সে ফরাসি বিপ্লব শুরু হয়।
**Ans : B.**

**৬৯. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন কত সালে গঠিত হয়?**
A. ১৯৭২ সালে B. ১৯৭৩ সালে
C. ১৯৭৪ সালে D. ১৯৭৫ সালে

ব্যাখ্যা: • স্বাধীন বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন - জাতীয় শিক্ষা কমিশন অন্য নাম - কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন।
• গঠিত হয় - ২৬ জুলাই ১৯৭২।
• এর প্রধান ছিলেন - ড. মুহাম্মদ কুদরত-ই-খুদা।
**Ans : A.**

**৭০. বর্তমান বিশ্বে কোন মুদ্রার মূল্যমান সবচেয়ে বেশি?**
A. কুয়েতি দিনার B. সৌদি রিয়াল C. ডলার D. পাউন্ড
**Ans : A.**

**৭১. 'একাত্তরের চিঠি' কোন জাতীয় রচনা?**
A. মুক্তিযুদ্ধের বিবরণ B. মুক্তিযুদ্ধবিষয়ক উপন্যাস
C. মুক্তিযুদ্ধের পত্রসংকলন D. মুক্তিযুদ্ধভিত্তিক ডায়েরি

ব্যাখ্যা: • "একাত্তরের চিঠি" হচ্ছে - মুক্তিযুদ্ধ বিষয়ক পত্র সংকলন। সংকলনে - গ্রামীণফোন ও প্রথম আলো।
• "একাত্তরের দিনগুলি" গ্রন্থটির রচয়িতা - জাহানারা ইমাম।
• "একাত্তরের ডায়েরী" গ্রন্থের রচয়িতা - সুফিয়া কামাল।
**Ans : C.**

**৭২. 'অ্যাশেজ' কথাটি কোন খেলার সাথে যুক্ত?**
A. ফুটবল B. ক্রিকেট C. ভলি D. হকি

ব্যাখ্যা: • "অ্যাশেজ" হচ্ছে ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার মধ্যকার পাঁচ ম্যাচের টেস্ট ক্রিকেট সিরিজ। সর্বপ্রথম অ্যাশেজ আয়োজিত হয় - ১৮৮২-৮৩ সালে।
**Ans : B.**

**৭৩. বাংলাদেশের মানুষের বর্তমান গড় আয় কত?**
A. ৯২৩ মার্কিন ডলার B. ৯৬২ মার্কিন ডলার
C. ১৪৬৬ মার্কিন ডলার D. ১৩৭০ মার্কিন ডলার

ব্যাখ্যা: মাথাপিছু আয়- ১৬০২ মার্কিন ডলার।
**Ans : নাই.**

**৭৪. বাংলাদেশের মানুষের বর্তমান গড় আয়ু কত?**
A. ৬৬.৮ বছর B. ৭০.৭ বছর
C. ৬৮.৪ বছর D. ৭০ বছর

ব্যাখ্যা: বাংলাদেশের মানুষের গড় আয়ু ২০২০ সালের জরিপ অনুযায়ী ৭২.৮ বছর।
**Ans : নাই.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৭৫. সার্কভুক্ত দেশে সাক্ষরতার হারে শীর্ষ দেশ কোনটি?
A. মালদ্বীপ B. ভারত C. ভুটান D. চীন

ব্যাখ্যা: • সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হার বেশি - মালদ্বীপে এবং সবচেয়ে কম - আফগানিস্তানে।
**Ans : A.**

৭৬. 'অটিজম' কোন জাতীয় সমস্যা?
A. মস্তিষ্কের বৃদ্ধিজনিত সমস্যা B. মস্তিষ্কের রক্তক্ষরণজনিত সমস্যা
C. শ্রবণশক্তির ঘাটতিজনিত সমস্যা D. মস্তিষ্কের বিকাশজনিত সমস্যা

**Ans : D.**

৭৭. কনফুসিয়াস কোথাকার অধিবাসী?
A. চীন B. জাপান C. কোরিয়া D. মঙ্গোলিয়া

ব্যাখ্যা: • কনফুসিয়াস ছিলেন একজন চীনা দার্শনিক।
**Ans : A.**

৭৮. আমেরিকা স্বাধীন হয়–
A. ১৬৮৮ সালে B. ১৯০০ সালে
C. ১৭৮৩ সালে D. ১৭৯০ সালে

ব্যাখ্যা: • ১৭৭৬ সালের ৪ জুলাই আমেরিকা ব্রিটিশ সাম্রাজ্য থেকে স্বাধীনতার ঘোষণা দেয়।
• ১৭৭৮ সালের ৬ ফেব্রুয়ারি ফ্রান্স প্রথম আমেরিকাকে স্বীকৃতি দেয়।
• ১৭৮৩ সালের ৩ সেপ্টেম্বর প্যারিসে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্র ও ব্রিটেনের মধ্যকার প্যারিস চুক্তির মাধ্যমে আমেরিকা আনুষ্ঠানিকভাবে স্বাধীনতা লাভ করে।
**Ans : C.**

৭৯. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর কোন আমেরিকান জাপান পুনর্গঠন করেন?
A. ম্যাক জর্ডান B. ম্যাক আর্থার
C. ম্যাক চিলি D. টমাস মুর

ব্যাখ্যা: • দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে ক্ষতিগ্রস্থ হওয়া জাপানের সামরিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ও পুনর্গঠনের জন্য ১৯৪৫-১৯৫২ সাল পর্যন্ত মার্কিন জেনারেল ডগলাস ম্যাক আর্থার গুরুত্বপূর্ণ অবদান রাখেন।
**Ans : B.**

৮০. বখতিয়ার খলজি কত সালে লক্ষ্ণাবতী জয় করেন?
A. ১২০০ B. ১২০৪ C. ১২০৮ D. ১২১২

ব্যাখ্যা: • বখতিয়ার খলজি গৌড় জয় করেন - ১২০৪ সালে (গৌড়ের রাজধানী ছিল - লক্ষ্ণাবতী)।
• তিনি বাংলার শেষ হিন্দু রাজা লক্ষণ সেনকে পরাজিত করে বাংলা জয় করেন।
• তিনি লক্ষ্ণাবতীর নাম পরিবর্তন করে রাখেন - "লখনৌতি"।
• তিনি ছিলেন আফগানিস্তানের অধিবাসী এবং তিনি বাংলায় সেন শাসনের অবসান ঘটিয়ে মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।
**Ans : B.**

৮১. ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনী ইশতেহার ছিল–
A. ৬ দফা B. ৭ দফা C. ১১ দফা D. ২১ দফা

ব্যাখ্যা: • যুক্তফ্রন্ট গঠিত হয় - ৪ ডিসেম্বর ১৯৫৩।
• যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়।
• যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা।
• ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্ট জয় লাভ করে।
**Ans : D.**

৮২. বাংলাদেশের প্রথম সংবাদপত্র–
A. আজাদ B. বঙ্গদর্শন
C. সমাচার দর্পণ D. বেঙ্গল গেজেট

ব্যাখ্যা: • বাংলাদেশ তথা উপমহাদেশের প্রথম সংবাদপত্র - "বেঙ্গল গেজেট" (ইংরেজি) প্রকাশ কাল - ২৯ জানুয়ারি ১৭৮০।
সম্পাদক - জেমস অগাস্টাস হিকি।
• ঢাকার প্রথম বাংলা সংবাদপত্র - "ঢাকা প্রকাশ" (১৮৬১)।
• বিদেশি সম্পাদনায় বাংলা ভাষার প্রথম সংবাদপত্র - "সমাচার দর্পন", প্রকাশিত হয় - ২৩ মে ১৮১৮, সম্পাদক - জন ক্লার্ক মার্শম্যান।
**Ans : D.**

৮৩. পৃথিবীর প্রাচীনতম বিশ্ববিদ্যালয়–
A. কেমব্রিজ B. অক্সফোর্ড
C. বার্লিন D. কারুইন

ব্যাখ্যা: • বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় - ইউনিভার্সিটি অব আল কারুইন (৮৫৯ খ্রিস্টাব্দ) ; ফেজ, মরক্কো।
**Ans : D.**

৮৪. সুর সম্রাট বলা হয় কাকে?
A. আব্দুল আলীম B. ওস্তাদ আলাউদ্দীন খাঁ
C. আব্বাস উদ্দীন D. মান্না দে

ব্যাখ্যা: • বাংলাদেশের সুর সম্রাট বলা হয় - আলাউদ্দিন খাঁকে (১৮৮১-১৯৭২)
• তিনি উপমহাদেশের রাগ সঙ্গীতকে সর্বপ্রথম পাশ্চাত্যে পরিচিত করান।
• তাঁর জন্ম - ১৮৮১ সালে (শিবপুর, ব্রাহ্মণবাড়িয়া)।
• তিনি পন্ডিত রবি শঙ্করের গুরু ছিলেন।
• ভাওয়াইয়া গানের সাথে আব্বাস উদ্দিনের নাম বিজড়িত।
**Ans : B.**

৮৫. বাংলা একাডেমীর প্রাক্তন নাম কি?
A. বাংলা সাহিত্য পরিষদ B. চামেলী ভবন
C. বর্ধমান হাউস D. সাহিত্য পরিষদ

ব্যাখ্যা: • বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় - ৩ ডিসেম্বর ১৯৫৫।
• তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন "বর্ধমান হাউস" বর্তমানে বাংলা একাডেমি।
**Ans : C.**

৮৬. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?
A. ইরাক B. মিসর
C. সৌদি আরব D. কুয়েত

ব্যাখ্যা: বাংলাদেশ স্বীকৃতিতে প্রথম ঃ

| বিষয় | স্বীকৃতিদানকারী দেশ | স্বীকৃতিদানের তারিখ |
|---|---|---|
| প্রথম দেশ/এশীয় দেশ | ভারত | ৬ ডিসেম্বর ১৯৭১ |
| দ্বিতীয় দেশ | ভুটান | ৭ ডিসেম্বর ১৯৭১ |
| প্রথম অনারব দেশ | সেনেগাল | ১ ফেব্রুয়ারি ১৯৭২ |
| প্রথম আরব দেশ | ইরাক | ৮ জুলাই ১৯৭২ |
| প্রথম ইউরোপীয়/সমাজতান্ত্রীক দেশ | পোল্যান্ড | ১২ জানুয়ারি ১৯৭২ |
| | যুক্তরাষ্ট্র | ৪ এপ্রিল ১৯৭২ |
| | পাকিস্তান | ২২ ফেব্রুয়ারি ১৯৭৪ |

**Ans : A.**

৮৭. মুজিবনগর স্মৃতিসৌধ এর স্থপতি কে?
A. তানভীর কবীর B. সৈয়দ আব্দুল্লাহ খালেদ
C. হামিদুর রহমান D. মঈনুল হোসেন

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধভিত্তিক স্থাপত্য ও ভাস্কর্য ঃ

| স্থাপনা ও ভাস্কর্য | স্থপতি/ভাস্কর | অবস্থান |
|---|---|---|
| জাতীয় সংসদ ভবন | লুই আইকান | শেরেবাংলা নগর, ঢাকা |
| সার্ক ফোয়ারা | নিতন কুন্ড | কাওরানবাজার, ঢাকা |
| সাম্পান | নিতন কুন্ড | শাহ আমানত বিমান বন্দর, চট্টগ্রাম |
| কমলাপুর রেল স্টেশন | বব লুই | কমলাপুর, ঢাকা |
| টি এস সি ভবন | কনস্ট্যানটাইন ডক্সাইড | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| শাপলা চত্বর | আজিজুল জলিল পাশা | মতিঝিল, ঢাকা |
| নজরুল চত্বর, নজরুল ভাস্কর্য | হামিদুজ্জামান খান | বাংলা একাডেমি, ঢাকা |
| মুজিবনগর স্মৃতিসৌধ | তানভীর কবীর | মেহেরপুর |
| গোল্ডেন জুবিলি টাওয়ার | মৃণাল হক | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| মিশুক | মুস্তফা মনোয়ার | শাহবাগ, ঢাকা |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৮৮. WTO (বিশ্ব বাণিজ্য সংস্থা) এর বর্তমান সদস্য দেশ কয়টি?**
A. ১৬০ B. ১৬১ C. ১৬২ D. ১৬৪

ব্যাখ্যা: • WTO (World Trade Organization) প্রতিষ্ঠিত হয় - ১ জানুয়ারি ১৯৯৫ (পূর্বনাম - GAAT)।
• সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড।
• ১৬৪ তম সদস্য দেশ - আফগানিস্তান - (২৯ জুলাই, ২০১৬)।

**Ans : D.**

**৮৯. আয়তনে বৃহত্তম মুসলিম দেশ কোনটি?**
A. কাজাকিস্তান B. ইন্দোনেশিয়া
C. সৌদি আরব D. বাংলাদেশ

ব্যাখ্যা: • আয়তনে বৃহত্তম মুসলিম দেশ - কাজাকিস্তান।
• জনসংখ্যায় বৃহত্তম মুসলিম দেশ - ইন্দোনেশিয়া।
• জনসংখ্যায় ক্ষুদ্রতম মুসলিম দেশ - মালদ্বীপ।
• জনসংখ্যায় মুসলিম দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান - চতুর্থ।

**Ans : A.**

**৯০. সিন্ধু সভ্যতা কোন যুগের?**
A. লৌহ যুগের B. ব্রোঞ্জ যুগের
C. তাম্র যুগের D. প্রস্তর যুগের

ব্যাখ্যা: • সিন্ধু সভ্যতা ছিল ব্রোঞ্জ যুগীয় সভ্যতা এবং এর ব্যাপ্তিকাল ছিল - খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দ থেকে খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দ পর্যন্ত।
• সিন্ধু সভ্যতা গড়ে ওঠেছিল - পাকিস্তানের সিন্ধু নদের অববাহিকায়।
• সিন্ধু সভ্যতার দুটি বিখ্যাত নগরী ছিল - মহেঞ্জোদারো ও হরপ্পা।
• সিন্ধু সভ্যতার আবিষ্কারক - রাখাল দাস বন্দ্যোপাধ্যায়, স্যার জন মার্শাল, দয়া রাম সাহনী।

**Ans : B.**

**৯১. বাংলাদেশের সুন্দরবনের আয়তন কত বর্গকিলোমিটার?**
A. প্রায় ৩০০০ ব. কি. B. প্রায় ৪০০০ ব. কি.
C. প্রায় ৫০০০ ব. কি. D. প্রায় ৬৫০০ ব. কি.

ব্যাখ্যা: • ১০,০০০ বর্গ কি.মি. জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের ৬,০১৭ বর্গ কি.মি. রয়েছে বাংলাদেশ অংশে।
• সুন্দরবনের অবস্থান - খুলনা, বাগের হাট, সাতক্ষীরা জেলায় এবং পটুয়াখালী ও বরগুনা জেলায় কিয়দাংশ নিয়ে।
• ১৯৯৭ সালে সুন্দরবন ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের তালিকায় (৭৯৮ তম) স্থান পায়।

**Ans : D.**

**৯২. মুক্তিযুদ্ধ জাদুঘরের নতুন ভবন তৈরি হচ্ছে কোথায়?**
A. বনানী B. মগবাজার C. ধানমন্ডি D. আগারগাঁও

**Ans : D.**

**৯৩. বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্রটি কোন সালে স্থাপিত হয়?**
A. ১৯৫৭ সালে B. ১৯৬৫ সালে
C. ১৯৮৫ সালে D. ১৯৭৫ সালে

ব্যাখ্যা: বাংলাদেশের ৪টি ভূ-উপগ্রহ কেন্দ্র (আন্তর্জাতিক টেলি-যোগাযোগ মাধ্যম)

| ভূ-উপগ্রহ কেন্দ্র | অবস্থান | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|
| বেতবুনিয়া | কাউখালী, রাঙ্গামাটি | ১৯৭৫ (প্রথম) |
| তালিবাবাদ | গাজীপুর | ১৯৮২ (দ্বিতীয়) |
| মহাখালী | ঢাকা | ১৯৯৫ (তৃতীয়) |
| সিলেট | সিলেট | ১৯৯৭ (চতুর্থ) |

**Ans : D.**

**৯৪. বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম কি?**
A. UCG B. UGC
C. CGU D. CUG

ব্যাখ্যা: • বিশ্ববিদ্যালয়সমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান UGC - (University Grant Commission) বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রতিষ্ঠিত হয় - ১৬ ডিসেম্বর ১৯৭২।

**Ans : B.**

**৯৫. বাংলাদেশ কখন OIC এর সদস্যপদ লাভ করে?**
A. ১৯৭১ সালে B. ১৯৭৪ সালে
C. ১৯৭৫ সালে D. ১৯৭৮ সালে

ব্যাখ্যা: বিভিন্ন সংস্থায় বাংলাদেশ :

| সংস্থা/সংগঠন | সদস্যপদ | সংস্থা/সংগঠন | সদস্যপদ |
|---|---|---|---|
| কমনওয়েলথ | ১৮ এপ্রিল, ১৯৭২ | ইসলামী উন্নয়ন ব্যাংক | ১৪ আগষ্ট ১৯৭৪ |
| বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | ১৭ মে ১৯৭২ | INTERPOL | ১৪ অক্টোবর ১৯৭৬ |
| IMF | ১৭ জুন ১৯৭২ | CIRDAP | ৮ এপ্রিল ১৯৮৭ |
| ILO | ২২ জুন ১৯৭২ | BIMSTEC | ৬ জুন ১৯৯৭ |
| আন্তর্জাতিক উন্নয়ন সমিতি (IDA) | ১৭ আগষ্ট ১৯৭২ | D-8 | ১৫ জুন ১৯৯৭ |
| OIC | ২৩ ফেব্রুয়ারি ১৯৭৪ | WTO | ১ জানুয়ারি ১৯৯৫ |
| জাতিসংঘ | ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ | এগমেন্ট গ্রুপ | ৩ জুলাই ২০১৩ |

**Ans : B.**

**৯৬. অষ্টম সাফ গেমস এ ফুটবলে চ্যাম্পিয়ন দেশ কোনটি?**
A. মালদ্বীপ B. ভুটান C. বাংলাদেশ D. শ্রীলঙ্কা

ব্যাখ্যা: • প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয় - ১৯৮৪ সালে (নেপালে)।
• ১৩ তম সাউথ এশিয়ান গেমস - ২০১৮ সালে, নেপালের কাঠমুন্ডুতে।

**Ans : C.**

**৯৭. কোন সভ্যতা সবচেয়ে প্রাচীন?**
A. মিসরীয় B. মেসোপটেমীয়
C. চৈনিক D. গ্রিক

ব্যাখ্যা: • বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা - মেসোপটেমীয় সভ্যতা এবং উপমহাদেশের প্রাচীনতম সভ্যতা - সিন্ধু সভ্যতা।
• মেসোপটেমিয় বর্তমান ইরাক ও সিরিয়া অঞ্চল।
• "মেসোপটেমীয়" কথাটির অর্থ নদীর মধ্যবর্তী অঞ্চল।
• মেসোপটেমীয় সভ্যতা ইউফ্রেটিস ও টাইগ্রিস (দজলা ও ফোরাত) নদীর তীরে গড়ে ওঠেছিল।

**Ans : B.**

**৯৮. বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনে কে অগ্রণী ভূমিকা পালন করেন?**
A. নওয়াব আব্দুল লতিফ B. সৈয়দ আমীর আলী
C. নওয়াব স্যার সলিমুল্লাহ D. স্যার সৈয়দ আহমেদ খান

ব্যাখ্যা: • নওয়াব আব্দুল লতিফ ১৮৬৩ সালে মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠা করেন এবং ১৮৬৩ সালের ২ এপ্রিল কলকাতায় মুসলিম "সাহিত্য সমাজ" প্রতিষ্ঠা করেন এবং বিভিন্নভাবে বাংলার মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনে অগ্রণী ভূমিকা পালন করেন।

**Ans : A.**

**৯৯. নির্মাণাধীন পদ্মা সেতু কোন দু'টি জেলা সংযুক্ত করেছে?**
A. মানিকগঞ্জ ও ফরিদপুর B. মুন্সিগঞ্জ ও শরীয়তপুর
C. মুন্সিগঞ্জ ও ফরিদপুর D. মানিকগঞ্জ ও শরীয়তপুর

ব্যাখ্যা: • দেশের বৃহত্তম সেতু পদ্মা সেতুর অবস্থান - মাওয়া (মুন্সীগঞ্জ) ও জাজিরা (শরীয়তপুর)।
• দৈর্ঘ্য - ৬.১৫ কি.মি., প্রস্থ - ১৮.১০ মি, দ্বিতল বিশিষ্ট সেতুটির উপরে সড়ক এবং নিচে রেলপথ।

**Ans : B.**

**১০০. পাট্টা ও কবুলিয়ত প্রথার প্রবর্তক কে?**
A. হুমায়ুন B. আকবর C. শাহজাহান D. শেরশাহ

ব্যাখ্যা: • শের শাহের প্রকৃত নাম - ফরিদ খান (অন্য নাম - শের খান)।
• তিনি "কবুলিয়ত" ও "পাট্টা" প্রথার প্রচলন করেন এবং সোনারগাঁও থেকে পাঞ্জাব পর্যন্ত "গ্রান্ড ট্রাঙ্ক রোড" নির্মাণ করেন। এই রোডটির অন্য নাম - সড়ক-ই-আজম।
• তিনি "দাম" নামক মুদ্রার প্রচলন করেন।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট A (জোড়)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭

### 'ক' অংশ : (বাংলা ৩০)

**১. 'ঘর থাকতে বাবুই ভেজা' বাগধারাটির অর্থ কী?**
ক. অতিরিক্ত মায়াকান্না খ. সুযোগের সদ্ব্যবহার
গ. সুযোগ থাকতে কষ্ট ঘ. অর্থের কু-প্রভাব

ব্যাখ্যা: • ঘর থাকতে বাবুই ভেজা - সুযোগ থাকতে কষ্ট।
• ঘর পোড়া গরু - বেদনাদায়ক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি।
• চতুর্ভূজ হওয়া - উৎফুল্ল হওয়া।
• চর্বিত চর্বণ - পুনরাবৃত্তি।
• ছুঁচোর কেত্তন - অবিরাম কলহ।
সঠিক উত্তর ঃ গ.

**২. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?**
ক. মৌলিক খ. যৌগিক
গ. সাধিত ঘ. প্রাতিপদিক

ব্যাখ্যা: • বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে।
• বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নাম পদের যে সম্পর্ক তাকে কারক বলে।
সঠিক উত্তর ঃ ঘ.

**৩. 'বিনে স্বদেশী ভাষা, মিটে কি আশা?' এখানে 'বিনে' কী অর্থ প্রকাশ করেছে?**
ক. সঙ্গে খ. ব্যতিরেকে
গ. প্রয়োজনে ঘ. আবশ্যিকতায়

ব্যাখ্যা: বিনে - অব্যয় পদ। বিনে অর্থ ব্যতীত, ছাড়া।
সঠিক উত্তর ঃ খ.

**৪. 'সকল অমঙ্গল থেকে পরিত্রাণের পথ বাতলে দেয়।'—**
ক. প্রেম খ. মঙ্গল
গ. ভালোবাসা ঘ. পরোপকার

ব্যাখ্যা: আহসান হাবিব রচিত 'সেই অস্ত্র' কবিতায় কবির একমাত্র প্রত্যাশা ভালবাসা নামের মহান অস্ত্রকে পুনরায় এই মানবসমাজে ফিরিয়ে পাওয়া। কবির বিশ্বাস এটি মানুষকে সকল অমঙ্গল থেকে পরিত্রাণের পথ বাতলে দেয়।
সঠিক উত্তর ঃ গ.

**৫. 'সবচেয়ে সুন্দর করুণ'- এখানে 'করুণ' বলতে কবি কি বুঝিয়েছেন?**
ক. বেদনাময় খ. প্রেমময়
গ. দুঃখময় ঘ. বিষণ্ন

ব্যাখ্যা: 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ—
• এই পৃথিবীতে ...... সবচেয়ে সুন্দর করুণ - কবির চোখে সমগ্র পৃথিবীর মধ্যে সবচেয়ে সুন্দর, মমতারসে সিক্ত, সহানুভূতিতে আর্দ্র ও বিষণ্ন দেশ বাংলাদেশ।
• নাটা - লতাকবন্ধ গোলাকার ক্ষুদ্র ফল বা তার বীজ।
• সেখানে ভোরের ...... জাগিছে অরুণ - ভোরে মেঘের আড়াল থেকে গাঢ় লাল সূর্যের আলো বিচ্ছুরণ যেন ধারণ করেছে করমচা বা করমচা ফুলের রং।
• বারুণী - বরুণানী, বরুণের স্ত্রী, জলের দেবী।
• বিশালাক্ষী - যে রমণীর চোখ আয়ত বা টানাটানা, আয়তলোচনা সুন্দরী নারী।
• সুদর্শন - এক ধরনের পোকা।
সঠিক উত্তর ঃ খ.

**৬. বাংলাদেশের রণসংগীত কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?**
ক. ভাঙার গান খ. সন্ধ্যা
গ. বিষের বাঁশি ঘ. অগ্নি-বীণা

ব্যাখ্যা: বাংলাদেশের রণ সঙ্গীতের শিরোনাম 'নতুনের গান' গানটি প্রথম 'শিখা' পত্রিকায় প্রকাশিত হয়। পরে এটি 'সন্ধ্যা' কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়।
• কাজী নজরুল ইসলাম ১৯২৮ খ্রিষ্টাব্দে গানটি রচনা করেন।
সঠিক উত্তর ঃ খ.

**৭. কল্যাণীর পিতার নাম কি?**
ক. হরিশচন্দ্র সেন খ. অনুপম সেন
গ. শম্ভুনাথ সেন ঘ. জগন্নাথ সেন

ব্যাখ্যা: অপরিচিতা গল্পের চরিত্র সমূহ—
অনুপম - গল্পের নায়ক।
কল্যাণী - গল্পের নায়িকা।
হরিশ - অনুপমের বন্ধু।
শম্ভুনাথ - কল্যাণীর পিতা।
বিনুদা - অনুপমের পিসতুতো ভাই।
সঠিক উত্তর ঃ গ.

**৮. ঈশ্বরগুপ্ত কোন বিখ্যাত?**
ক. যুগসন্ধির কবি হিসেবে খ. পদ্যকার হিসেবে
গ. নবজাগরণের লেখক ঘ. বিদ্রোহী চেতনার জন্য

ব্যাখ্যা:

| নাম | উপাধি |
|---|---|
| মুকুন্দ দাস | চারণ কবি |
| ভারতচন্দ্র | রায়গুণাকর |
| বাহরাম খান | দৌলত উজির |
| মুকুন্দরাম চক্রবর্তী | কবি কঙ্কন |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগ সন্ধিক্ষণের কবি |
| গোলাম মোস্তফা | কাব্য সুধাকর |
| রাম নারায়ন | তর্করত্ন |
| গোবিন্দ চন্দ্র দাস | স্বভাব কবি |
| বিষ্ণু দে | মার্কসবাদী কবি |
| সুধীন্দ্রনাথ দত্ত | ক্ল্যাসিক কবি |
| সত্যেন্দ্রনাথ দত্ত | ছন্দের যাদুকর |

সঠিক উত্তর ঃ ক.

**৯. 'কারাগারের কোণে বসে অসহায় শিশুর মতো ক্রন্দন করলে হবে না' সংলাপটি কার?**
ক. সাজাহান খ. জাহানারা গ. ঔরঙ্গজীব ঘ. দারাশিকোহ্
সঠিক উত্তর ঃ খ.

**১০. নিচের কোন্ শব্দটি দ্বন্দ্ব সমাস?**
ক. বেশভূষা খ. নিঃসহায় গ. মানবহৃদয় ঘ. শতাব্দী

ব্যাখ্যা: কিছু দ্বন্দ্ব সমাসের উদাহরণ—
রাতদিন, বেচাকেনা, বেশভূষা, ওঠাবসা, নাকেমুখে, দুধেভাতে, ভালমন্দ, আনাগোনা, ধনদৌলত, যাতায়াত, ইষ্টিকুটুম, ঝি-জামাই ইত্যাদি।
সঠিক উত্তর ঃ ক.

**১১. সম্প্রদান কারকের উদাহরণ কোনটি?**
ক. ধোপাকে কাপড় দাও খ. দীনে দয়া কর
গ. ডাক্তার ডাক ঘ. সূর্যোদয়ে পদ্ম ফোটে

ব্যাখ্যা: স্বত্ব ত্যাগ করে কিছু দান করাকে বলে সম্প্রদান। আর দান গ্রহীতাকে সম্প্রদান কারক বলে।
যেমন - ক্ষুধার্তকে অন্ন দাও। অন্ধজনে দেহ আলো।
অনুরূপভাবে - দীনে দয়া কর।
সঠিক উত্তর ঃ খ.

**১২. 'কালকেতু' কোন মঙ্গলকাব্যের চরিত্র?**
ক. মনসামঙ্গল খ. চণ্ডীমঙ্গল গ. ধর্মমঙ্গল ঘ. অন্নদামঙ্গল

ব্যাখ্যা: • চণ্ডীমঙ্গলের প্রধান রচয়িতা - মুকুন্দরাম চক্রবর্তী।
• এ কাব্যের নায়ক - কালকেতু ; নায়িকা - ফুল্লরা।
• মনসামঙ্গল কাব্যের নায়ক - লখিন্দর ; নায়িকা - বেহুলা।
সঠিক উত্তর ঃ খ.

**১৩. 'ধন-ধান্য পুষ্পে ভরা' গানটির রচয়িতা কে?**
ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. অতুলপ্রসাদ সেন
গ. কাজী নজরুল ইসলাম ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা: • ধন-ধান্য পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা - দ্বিজেন্দ্রলাল রায়।
• পারিব না এ কথাটি বলিও না আর - কালী প্রসন্ন ঘোষ।
• নানান দেশের নানান ভাষা, বিনে স্বদেশী ভাষা, পুরে কি আশা - রামনিধি গুপ্ত।
• মোদের গরব মোদের আশা/আ-মরি বাংলা ভাষা - অতুলপ্রসাদ সেন।
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু দাঁতিয়ালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৪. প্যারিচাঁদ মিত্র রচিত গ্রন্থ কোনটি?**

ক. আলালের ঘরের দুলাল খ. হুতোম প্যাঁচার নকশা
গ. রামরঞ্জিকা ঘ. চারুপাঠ

**ব্যাখ্যা:** প্যারীচাঁদ মিত্র এর উল্লেখযোগ্য–
- **উপন্যাস** - আলালের ঘরের দুলাল।
- **অন্যান্য গ্রন্থ** - রামরঞ্জিকা, গীতাঙ্কুর, যৎকিঞ্চিৎ, অভেদী ইত্যাদি।
- **ছদ্মনাম** - টেকচাঁদ ঠাকুর।

**সঠিক উত্তর ঃ ক.**

**১৫. মোতাহের হোসেন চৌধুরী কাকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন?**

ক. নদীকে খ. বৃক্ষকে
গ. ধর্মকে ঘ. আত্মাকে

**ব্যাখ্যা:** 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ তথ্য –
- রবীন্দ্রনাথ ঠাকুর নদীকেই মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন কারণ নদীর গতিতে মনুষ্যত্বের দুঃখ যতটা স্পষ্ট হয়ে ওঠে বৃক্ষের ফুল ফোটানোয় তা তত স্পষ্ট হয়ে ওঠে না।
- বৃক্ষের অঙ্কুরিত হওয়া থেকে ফলবান হওয়া পর্যন্ত সেখানে কেবলই বৃদ্ধির ইতিহাস।
- সৃজনশীল মানুষেরও প্রাপ্তি ও দানে পার্থক্য দেখা যায় না। যা তার প্রাপ্তি তাই তার দান।
- লেখক মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছিলেন - বৃক্ষকে।

**সঠিক উত্তর ঃ খ.**

**১৬. নূরুলদীনের ডাকে কত খ্রিস্টাব্দে বাংলার মানুষ জেগে উঠেছিল?**

ক. ১৭৮৩ খ. ১৭৮৭
গ. ১৮৫৭ ঘ. ১৯৭১

**ব্যাখ্যা :** সৈয়দ শামসুল হক রচিত বিখ্যাত কাব্যনাটক **'নূরলদীনের সারাজীবন'** থেকে **'নূরলদীনের কথা মনে পড়ে যায়'** কবিতাটি নেয়া হয়েছে।
- নূরুলদীন রংপুরে আন্দোলনের ডাক দিয়েছিল - বাংলা ১১৮৯ সনে (১৭৮৩ ইং)।
- হঠাৎ নিলক্ষার নীলে তীব্র শীস দিয়ে দেখা যায় - বড় চাঁদ।
- নিলক্ষা অর্থ - দৃষ্টিসীমা অতিক্রমী।
- কবি সকলকে মিনতি করেছেন - গোল হয়ে বসতে।
- নুরলদীনের কথা সারা দেশে নেমে আসে - পাহাড়ী ঢলের মতো।
- ১৭৮৩ খ্রিষ্টাব্দে রংপুর-দিনাজপুর অঞ্চলে হয়েছিল - সামন্তবাদ-সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন।

**সঠিক উত্তর ঃ ক.**

**১৭. 'জলধি' কোন প্রকারের শব্দ?**

ক. যৌগিক খ. মৌলিক
গ. রূঢ় ঘ. যৌগরূঢ়

**ব্যাখ্যা:**
- **যৌগিক শব্দ** - গায়ক, বাবুয়ানা, দৌহিত্র, কর্তব্য, মধুর।
- **রূঢ়ি শব্দ** - বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ।
- **যৌগরূঢ় শব্দ** - রাজপুত, মহাযাত্রা, জলধি।

**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৮. কবি জসীমউদ্দীন কোন গ্রামে জন্মগ্রহণ করেন?**

ক. পাহাড়তলী গ্রাম খ. আলোকদিয়া গ্রাম
গ. তাম্বুলখানা গ্রাম ঘ. কুতুবপুর গ্রাম

**ব্যাখ্যা: কবি জসীমউদ্দীন এর–**
**জন্ম** - ১লা জানুয়ারী ১৯০৩ ; ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে।
**মৃত্যু** - ১৩ই মার্চ ১৯৭৬ ; ঢাকায়।
**প্রথম কাব্যগ্রন্থ** - রাখালী (১৯২৭)।
**শ্রেষ্ঠ রচনা** - নকশী কাঁথার মাঠ।
**একমাত্র উপন্যাস** - বোবাকাহিনী।

**সঠিক উত্তর ঃ গ.**

**১৯. নিম্নের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ নয়?**

ক. শেষ লেখা খ. জন্মদিন
গ. শেষের কবিতা ঘ. পুনশ্চ

**ব্যাখ্যা ঃ রবীন্দ্রনাথ ঠাকুর এর:-**
- **আত্মজীবনীঃ**- আমার ছেলেবেলা, জীবনস্মৃতি, বিদ্যাসাগর চরিত।
- **নাটক ঃ** অচলায়তন, চিরকুমার সভা, তাপসী, তাসের দেশ, রক্ত করবী, কালের যাত্রা, রাজা, বাঁশরী, মুক্তধারা, বাল্মীকি প্রতিভা ইত্যাদি।
- **ছোট গল্প ঃ** গল্পগুচ্ছ, তিন সঙ্গী, গল্পসল্প ইত্যাদি।
- **উপন্যাস ঃ** বৌ ঠাকুরাণীর হাট, রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি, গোরা, ঘরে বাইরে, যোগাযোগ, শেষের কবিতা, চতুরঙ্গ, দুই বোন, মালঞ্চ ইত্যাদি।

**সঠিক উত্তর ঃ গ.**

**২০. 'ষোড়শ'-এর সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. ষট্ + অশ খ. ষট্ + দশ
গ. ষড্ + অশ ঘ. ষড্ + দশ

**ব্যাখ্যা:** কিছু নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ–
আ + চর্য = আশ্চর্য ; ষট্ + দশ = ষোড়শ
বৃহৎ + পতি = বৃহস্পতি ; এক + দশ = একাদশ
গো + পদ = গোষ্পদ ; বন + পতি = বনস্পতি
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি ; পর + পর = পরস্পর

**সঠিক উত্তর ঃ খ.**

**২১. ক্রিয়াপদের মূল অংশকে বলা হয়–**

ক. যতি খ. উক্তি গ. ধাতু ঘ. প্রকৃতি

**ব্যাখ্যা:** ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু বা ক্রিয়ামূল। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায়। ধাতু ও ক্রিয়া বিভক্তি। যেমন–

